দৈনিক ইত্তেফাক

২৭/১০/২০০১

তারিখ ... পৃষ্ঠা ৪ কলাম ৬

# এসএসসি টেস্ট পেপার ২০০২-এর প্রকাশক সমীপে

আগামী এক-দেড় মাসের মধ্যে ২০০২ সালের এসএসসি টেস্ট পেপার প্রকাশিত হইবে। বর্তমানে দেশের সাতটি শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের টেস্ট পেপারগুলির ব্যবহার উপযোগী আকার, গুণগত মানের সমতা ও উৎকর্ষতা বিধান, বোর্ডভিত্তিক তুলনামূলক আরও অধিক বিদ্যালয়ের প্রশ্নপত্র সন্নিবেশ এবং দাম ক্রেতাদের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার উদ্দেশ্যে কিছু প্রস্তাব রাখিতেছি ঃ

(১) সাতটি বোর্ডের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য পৃথক পৃথক ২১টি টেস্ট পেপার প্রকাশের ব্যবস্থা করা।

(২) ২০০১ সালের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য পৃথক পৃথকভাবে সারাদেশ হইতে দশটি শীর্ষ বিদ্যালয় নির্বাচন করিয়া এই সকল বিদ্যালয়ের প্রশ্নপত্র বিভাগ ওয়ারী সকল বোর্ডের টেস্ট পেপারে অন্তর্ভুক্ত করা।

(৩) প্রত্যেক বোর্ডের আওতাভুক্ত কমপক্ষে ২০টি বিদ্যালয়ের প্রশ্নপত্র টেস্ট পেপারে অন্তর্ভুক্ত করা।

(৪) ২০০২ সালের প্রতিটি টেস্ট পেপারে ১৯৯৮ হইতে ২০০১ সালের সকল বোর্ডের প্রশ্নপত্র, ২ নম্বর ক্রমিকের বর্ণনা মোতাবেক নির্বাচিত ১০টি শীর্ষ বিদ্যালয়ের ২০০২ সালের টেস্ট পরীক্ষার প্রশ্ন এবং সংশ্লিষ্ট বোর্ডের আওতাধীন কমপক্ষে ২০টি বিদ্যালয়ের ২০০২ সালের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সন্নিবেশ।

(৫) ইহাছাড়া প্রতিটি টেস্ট পেপারে অন্যান্য তথ্য থাকিতে পারে। যেমন অংকের সূত্র/নিয়মাবলী, মৌখিক পরীক্ষার প্রশ্নের ধরন, পদার্থ বিজ্ঞানের সূত্র, রসায়ন শাস্ত্রের বিভিন্ন তথ্য ইত্যাদি।

(৬) প্রতিটি টেস্ট পেপারে ২০০২ সালের জন্য বিষয়ভিত্তিক সাজেশনপত্র থাকা উচিত। সাজেশন অবশ্যই সংশ্লিষ্ট বোর্ডের ১৯৯৮ হইতে ২০০১ সালের প্রশ্নাবলী এবং সংশ্লিষ্ট বোর্ডের সন্নিবেশিত ২০ বা ততোধিক বিদ্যালয়ের প্রশ্নপত্রের ভিত্তিতে হওয়া বাঞ্ছনীয়।

উল্লিখিত প্রস্তাবগুলি বিবেচনাপূর্বক এবারের টেস্ট পেপার প্রকাশ করা হইলে প্রতিটি টেস্ট পেপারের গুণগত মানের সমতা আসিবে। তাহাছাড়া সকল বোর্ডের সমানসংখ্যক বিদ্যালয়ের প্রশ্নপত্র সন্নিবেশনের সুযোগ সৃষ্টি হইবে বিধায় স্থানীয়ভাবে বিদ্যালয়গুলির লেখাপড়ার গুণগত মান বৃদ্ধিতে সহায়ক হইবে। প্রশ্নপত্রের সংখ্যা সমান বলিয়া বিভাগ ভিত্তিক টেস্ট পেপারের দামও একই রাখা সম্ভব হইবে। এ ব্যাপারে প্রকাশকবৃন্দের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ রফিকুল ইসলাম,
ষ্টীল মিলস্ গেট,
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।